

তীর্থ

হেলাল হাফিজ

কেন নাড়া দিলে ?  
নাড়ালেই নড়ে না অনেক কিছু  
তবু কেন এমন নাড়ালে ?  
পৃথিবীর তিন ভাগ সমান দু'চোখ যার  
তাকে কেন একমাস শ্রাবণ দেখালে !

কেন ওভাবে নাড়ালে ?  
যেটুকু নাড়ালে নড়ে না তুমুলভাবে ভেতরে বাহিরে  
কেন তাকে সেটুকু নাড়ালে ?

ভয় দেখালেই ভয় পায় না অনেকে,  
তবু তাকে সে ভয় দেখালে ?  
যে মানুষ জীবনের সব ক'ঢ়ি শোক-দীপে গেছে,  
সব কিছু হারিয়েই সে মানুষ  
হারাবার ভয় হারিয়েছে,  
তার পর তীর্থ হয়েছে ।